নেবারহুড

এডভাইজ এন্ড ইনফরমেশন সার্ভিস
Neighbourhood Advice And Information Service

আমরা আপনাদেরকে সাহায্য করতে পারি কি?

আপনাদের চাহিদা পূরণ করা

নেবারহুড অফিসগুলো হলো 'লোকাল সার্ভিসেস ডাইরেক্টরেট' এর ১০টি কনসটিটিউন্সির মাধ্যমে দেয়া একটি নেটওয়ার্ক সার্ভিসের অংশ। কাউন্সিলের সবগুলো সার্ভিস (পরিষেবা) সম্পর্কে কর্মীদের নানা-মুখী জ্ঞান রয়েছে, এবং আপনাদের প্রয়োজনীয় সার্ভিস পেতে আপনাদেরকে সাহায্য করতে পারবে।

কাজেই, সমস্যা যাই হোক না কেন, তার সমাধানে সাহায্য কল্পে আমাদের কর্মীগণ উচ্চ মানের পরামর্শ ও তথ্য দিতে পারবেন। আমরা বেনিফিটসংশ্লিষ্ট বিষয়াদি, আর্থিক উদ্বেগ, ঋণ সমস্যা ও সোশ্যাল সিকিউরিটি বেনিফিট ক্লেইম সম্পর্কে পরামর্শ দিতে পারবো। আপনার সাক্ষাতকার নেয়ার জন্য আমরা কমিউনিটির ভাষায় দক্ষ কর্মীরও ব্যবস্থা করতে পারবো।

কমিউনিটিতে অবস্থান

আপনারা যেখানে বসবাস, কাজ বা কেনাকাটা করেন সেখানেই আমাদের 'ওয়ান স্টপ' নেবারহুড অফিস ও এডভাইজ সার্জারীগুলো অবস্থিত। অফিসগুলোতে রয়েছে সুন্দর, উন্মূক্ত পরিবেশ এবং শিশুদের জন্য বেশ কয়েকটি তত্ত্বাবধানহীন খেলার স্থান। অফিসগুলোর অধিকাংশগুলোতে শারীরিক প্রতিবন্ধী লোকজনদের জন্য প্রবেশের সুবিধাদি রয়েছে, তবে দয়া করে আপনারা ভ্রমণ শুরুর আগে যাচাই করে নিবেন।

একটি ক্রমবর্ধমান চাহিদার প্রতি সাড়া দেয়া

বার্মিংহাম হলো প্রায় দশ লক্ষ মানুষের একটি বহু-সাংস্কৃতিক নগরী। আমাদের অফিস এপয়েন্টমেন্ট (সাক্ষাতকার) এর পদ্ধতি আমাদেরকে আপনাদের সাথে খুব দ্রুত সাক্ষাত করতে সক্ষম করে। আমরা প্রতি বছর প্রায় দশ লক্ষের বেশী অনুসন্ধানের প্রতি সাড়া দেই এবং ৪,৫০০ এর বেশী হোম ভিজিট করে থাকি। আমরা বার্মিংহাম এ বসবাস করা সকল লোকের কাছে আমাদের সার্ভিসগুলো পৌঁছাতে, যারা আমাদের কোন একটি নেবারহুড অফিস ভিজিট করতে পারবেন না তাদের কাছেও সেবা দেয়ার লক্ষ্য রাখি।

মানের প্রতি প্রতিশ্রুতি

নেবারহুড অফিসগুলো সম্ভাব্য সবচেয়ে ভালো সার্ভিস দিতে প্রতিশ্রুতিবদ্ধ, যা আমাদের 'চার্টার মার্ক' 'কমিউনিটি লিগ্যাল সার্ভিসেস কোয়ালিটি মার্ক' ও 'ইনভেস্টরস ইন পিপল' পুরস্কার প্রাপ্তিতে প্রমাণিত হয়। পরিষেবা ব্যবহারকারীগণ আমাদেরকে সচরাচর মতামত ভোটে উচ্চ হার (রেটিং) ও প্রদান করে থাকেন।

আমাদের সেবাগুলোর বিকাশ ও উন্নয়নের ব্যাপারে আমরা সেবা ব্যবহারকারী, কাউন্সিলর, কর্মী, কাউন্সিলের বিভিন্ন ডিপার্টমেন্ট ও অন্যান্য সংগঠনের সাথে কথা বলি, ও ঘনিষ্টভাবে কাজ করে থাকি।

আপনাদেরকে জড়িত করা

যে সিদ্ধান্তগুলো স্থানীয় লোকদের জীবনযাত্রাকে প্রভাবিত করে সেগুলো নেয়ার সময় নেবারহুড অফিসগুলো তাদের সাথে কাজ করে এবং তাদেরকে জড়িত করে থাকে।

আমরা বিভিন্ন উদ্যোগকে সমর্থন করি, কাউন্সিলের বিভিন্ন সেবা, ও কনসটিটিউন্সি-ভিত্তিক ক্রিয়াকর্মগুলো সম্পর্কে আপনাদেরকে আরো বেশী মতামত প্রকাশের সুযোগ দিয়ে থাকি।

মানসম্পন্ন সেবার বিষয়ে আপনাদের নিশ্চয়তা

যারা আমাদের সেবাগুলো ব্যবহার করেন তাদের সকলের সাথে ন্যায্য ও সমান আচরণ করতে চাই। আপনাদের অনুসন্ধান সম্পর্কে আমাদের কর্মীগণ ভদ্র ও দক্ষ সাড়া দিবেন। আমাদের 'কোর ভ্যালু'গুলো ব্যাখ্যা করে যে আমরা হবো:

যত্নশীল	**খোলামেলা**	**সাড়া প্রদানকারী**	**কার্যকরী**
(Caring)	**(Open)**	**(Responsive)**	**(Effective)**

আমাদের সাথে যোগাযোগ করা যাবে কিভাবে?

আপনারা যদি কাউন্সিলকে ফোন করতে চান, ফোন করবেন
cont@ct birmingham: 0121 303 1111

অথবা ইন্টারনেট এ কাউন্সিল এর সাথে যোগাযোগ করবেন:
adviceline@birmingham.gov.uk

অথবা কাউন্সিলের বিভিন্ন সার্ভিস ও খোলার সময়সূচী জানার জন্য ওয়েবসাইট ব্যবহার করবেন:
www.birmingham.gov.uk/neighbourhoodoffices